বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ঝড় সতর্কীকরণ কেন্দ্র
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭।

ফোন : ৯১২৩৮৩৮, ৯১৩৫৭৪২
ফ্যাক্স : ৮১১৮২৩০, ৫৮১৫২০১৯
ই-মেইল : info@bmd.gov.bd
swc@bmd.gov.bd
ওয়েব সাইট: www.bmd.gov.bd

নথি নংঃ ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.১৫. তারিখঃ ১০.০৩.২০১৯

বিষয়: মার্চ - মে ২০১৯ এর আবহাওয়ার পূর্বাভাস

General Condition (সাধারণ অবস্থা):

১। গত জুলাই, আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর ২০১৮ এবং জানুয়ারি ও ফেব্রুয়ারি ২০১৯ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +১.৬, -৬.৯, -১০.০, +৩.০, -০.১, +৯.৩, -০.৬ এবং -১৩.৫ (Bureau of Meteorology, Australia)।

২। ফেব্রুয়ারি ২০১৯ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা ১৬২% বেশী বৃষ্টিপাত হয়েছে। ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে রংপুর, রাজশাহী ও খুলনা বিভাগের কিছু কিছু স্থানের উপর দিয়ে মৃদু শৈত্য প্রবাহ বয়ে যায়। এ সময় (০৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ) দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৮.২ ডিগ্রী সেঃ রাজশাহী ও চুয়াডাঙ্গায় রেকর্ড করা হয়। পশ্চিমা লঘুচাপের সাথে পূবালী বাতাসের সংযোগে ০৭-০৯ ফেব্রুয়ারি রংপুর, রাজশাহী ও খুলনা বিভাগের কিছু কিছু স্থানে এবং ১৬-১৭ ফেব্রুয়ারি বিক্ষিপ্তভাবে সারাদেশে হাল্কা থেকে মাঝারি ধরণের বৃষ্টি হয়। এ সময় দেশের বিভিন্ন স্থানে বজ্রঝড় সহ শিলাবৃষ্টিও হয়। এছাড়াও ২৪-২৮ ফেব্রুয়ারি দেশের অধিকাংশ স্থানে হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টি হয়, সেই সাথে দেশের অনেক স্থানে মাঝারি ধরণের ভারী থেকে ভারী বর্ষণ হয়। এ সময় চট্টগ্রাম অঞ্চলে দমকা/ঝড়ো বাতাস সহ দেশের বিভিন্ন স্থানে বজ্রপাত এবং শিলাবৃষ্টি হয়। এ সময় (২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ সকাল ০৯ টায়) বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৮০ কিমি চট্টগ্রামে রেকর্ড করা হয়। শৈত্য প্রবাহ, তাপমাত্রা, শিলাবৃষ্টি সহ বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা ফেব্রুয়ারি ২০১৯ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩। বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC) প্রাপ্ত মডেল পূর্বাভাস, প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমণ্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল নিনো/লা নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক মার্চ - মে ২০১৯ খ্রিঃ এর আবহাওয়ার পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলোঃ

বিভাগ	মার্চ ২০১৯ খ্রিঃ		এপ্রিল ২০১৯ খ্রিঃ		মে ২০১৯ খ্রিঃ		ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০ সেঃমিঃ পর্যন্ত)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃ মিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাত (মিঃ মিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃ মিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাত (মিঃ মিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃ মিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাত (মিঃ মিঃ)	
ঢাকা	৫৫	৫০-৬০	১৫০	১৩০-১৬৫	২৯২	২৭৫-৩০৫	৩৫-৪৫
ময়মনসিংহ	৪৭	৪৫-৫০	১৫২	১৩৫-১৭৫	৩৮০	৩৬০-৪০০	৩৫-৪৫
চট্টগ্রাম	৬১	৫৫-৬৮	১৪৩	১৩০-১৬৫	৩১০	২৯৫-৩২৫	৪০-৪৫
সিলেট	১২০	১১০-১৩০	২৯৬	২৬৫-৩৪০	৫১০	৪৮৫-৫৩৫	৪০-৪৫
রাজশাহী	২৪	২০-৩০	৮২	৭৫-৯৫	১৯৬	১৮৫-২০৫	৩৫-৪৫
রংপুর	২৩	২০-২৫	৯৪	৮৫-১১০	২৬১	২৫০-২৭৫	৩৫-৪৫
খুলনা	৪১	৩৫-৪৫	৭৬	৬৫-৯০	১৭৫	১৬৫-১৮৫	৩৫-৪৫
বরিশাল	৫৩	৫০-৬০	১৩২	১২০-১৫০	২৬০	২৪৫-২৭৫	৩৫-৪৫

(ক) মার্চ ২০১৯

১. মার্চ মাসে সামগ্রিকভাবে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

২. এ মাসে দেশের উত্তর, উত্তর-পশ্চিম ও মধ্যাঞ্চলে ১-২ দিন শিলাবৃষ্টি সহ মাঝারী/তীব্র কালবৈশাখী/বজ্র-ঝড় ও দেশের অন্যত্র ৩-৪ দিন শিলাবৃষ্টি সহ হাল্কা/ মাঝারী কালবৈশাখী/ বজ্র-ঝড় হতে পারে।

৩. এ মাসে দিনের তাপমাত্রা স্বাভাবিক (৩৪-৩৬° সেঃ) অপেক্ষা সামান্য বেশী থাকার সম্ভাবনা আছে এবং মাসের শেষের দিকে দেশের পশ্চিম ও উত্তর-পশ্চিমাঞ্চলের উপর দিয়ে একটি মৃদু (৩৬-৩৮° সেঃ) /মাঝারি (৩৮-৪০° সেঃ) ধরণের তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

৪. **নদ-নদীর অবস্থাঃ** বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলে ভারী বৃষ্টিপাতজনিত কারণে মার্চ মাসে আকস্মিক বন্যার সম্ভাবনা রয়েছে।

৫. **কৃষি আবহাওয়াঃ** মার্চ মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৩.৭৫-৪.৭৫ মিঃ মিঃ এবং গড় সূর্য কিরণকাল ৬.৫০-৭.৫০ ঘন্টা থাকতে পারে।

(খ) এপ্রিল ২০১৯

১. এপ্রিল মাসে দেশে স্বাভাবিক/ স্বাভাবিকের চেয়ে কিছুটা বেশী বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি নিম্নচাপ সৃষ্টি হতে পারে। এর মধ্যে একটি ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে। এপ্রিল মাসে দেশের উত্তর থেকে মধ্যাঞ্চল পর্যন্ত ২-৩ দিন বজ্রসহ মাঝারী/ তীব্র কালবৈশাখী/বজ্র-ঝড় ও দেশের অন্যত্র ৪-৫ দিন হাল্কা/ মাঝারী কালবৈশাখী/ বজ্রঝড় হতে পারে।

২. এপ্রিল মাসে দেশের উত্তর ও উত্তর-পশ্চিমাঞ্চলে ০১ (এক) টি তীব্র তাপ প্রবাহ (>৪০° সেঃ) এবং অন্যত্র ১-২ টি মৃদু (৩৬-৩৮°সেঃ) /মাঝারী (৩৮-৪০° সেঃ) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

(গ) মে ২০১৯

১. মে মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি নিম্নচাপ সৃষ্টি হতে পারে এবং এর মধ্যে একটি ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে।

২. মে মাসে দেশের উত্তর, উত্তর-পূর্বাঞ্চল ও মধ্যাঞ্চলে ২-৩ দিন মাঝারী/তীব্র বজ্রঝড় (কালবৈশাখী) ও দেশের অন্যত্র ৩-৪ দিন হালকা/মাঝারী /বজ্রঝড় (কালবৈশাখী) হতে পারে। মে মাসে দেশের উত্তর ও উত্তর-পশ্চিমাঞ্চলে ১-২ টি তীব্র তাপপ্রবাহ (>৪০° সেঃ) এবং অন্যত্র ২-৩ টি মৃদু (৩৬-৩৮°সেঃ) /মাঝারী (৩৮-৪০° সেঃ) তাপপ্রবাহ বয়ে যেতে পারে।

সামছুদ্দিন আহমেদ
পরিচালক
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
৯১২৩৮৩৮ (অফিস)

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯১২৩৬১৬।

অনুলিপিঃ

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ৯৫৬৬৫৫৯।
৩. মূখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্সঃ ৯১৪৩৩৭৭।
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭০১০০।
৫. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯১৪৪৮১৯।
৬. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
৮. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ফ্যাক্সঃ ৯৫৪০৪০০, ৯৫৭৩৮০৫।
৯. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।
১০. সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪০২১৩।